

প্রকল্প পরিচিতি ও বাস্তবায়ন অগ্রগতি: নলেজ ফর ডেভেলপমেন্ট ম্যানেজমেন্ট (K4DM) প্রকল্প

প্রকল্পের শিরোনাম	: নলেজ ফর ডেভেলপমেন্ট ম্যানেজমেন্ট (K4DM) ফর ইআরডি ইউএন উইং (Knowledge for Development Management (K4DM) for ERD UN Wing)
মেয়াদ	: জানুয়ারি ২০১৫ হতে ডিসেম্বর ২০১৭ (অনুমোদিত টিপিপি অনুসারে) (জুন ২০১৮ পর্যন্ত মেয়াদ বর্ধনের সিদ্ধান্ত হয়েছে)
উন্নয়ন সহযোগী	: United Nations Development Programme (UNDP)
বৈদেশিক সহায়তার পরিমাণ ও প্রকৃতি	: ৩ (তিন) মিলিয়ন মার্কিন ডলার (প্রায় ২৩ কোটি ৪০ লক্ষ টাকার সমপরিমাণ); অনুদান
জিওবি	: ৬০ লক্ষ টাকা।
উদ্যোগী মন্ত্রণালয়/বিভাগ	: অর্থনৈতিক সম্পর্ক বিভাগ (ইআরডি), অর্থ মন্ত্রণালয়
বাস্তবায়নকারী	: অর্থনৈতিক সম্পর্ক বিভাগ (ইআরডি)
জাতীয় প্রকল্প পরিচালক	: মিজ শামীমা নার্কিস, অতিরিক্ত সচিব (জাতিসংঘ), অর্থনৈতিক সম্পর্ক বিভাগ
উপপ্রকল্প পরিচালক	: মোহাম্মদ নাজিম উদ্দিন, উপসচিব (জাস-৩), অর্থনৈতিক সম্পর্ক বিভাগ

প্রকল্পের সার্বিক উদ্দেশ্য: স্টেকহোল্ডারদের অংশগ্রহণ ও সহযোগিতা সম্প্রসারণের মাধ্যমে তথ্য ভিত্তিক সিদ্ধান্ত গ্রহণে সহায়তা প্রদান এবং এরমাধ্যমে ২০২১ সালের মধ্যে মধ্যম আয়ের দেশে উন্নীত হওয়ার লক্ষ্য মাত্রা অর্জনে সহায়ক ভূমিকা পালন।

সুনির্দিষ্ট উদ্দেশ্যসমূহ:

- ১) ইউএনডিপি, ইআরডি এবং বাস্তবায়নকারী বিভিন্ন মন্ত্রণালয়/সংস্থার মধ্যে সহযোগিতা জোরদারকরণের মাধ্যমে ফলাফল অর্জনে সহায়তা প্রদান;
- ২) দক্ষিণ-দক্ষিণ ও ত্রিপক্ষীয় সহযোগিতা এবং সরকার-ব্যক্তিখাত সহযোগিতার (পিপিপি) চেতনায় অর্থনৈতিক ও জ্ঞানভিত্তিক নতুন-নতুন সহযোগিতার ক্ষেত্র চিহ্নিতকরণ ও এসকল সহযোগিতার পূর্ণ ব্যবহারের জন্য ইআরডির সক্ষমতাবৃদ্ধি; এবং
- ৩) ব্যয়-সাশ্রয়ী ও অধিকতর উত্তাবনী প্রকল্প প্রণয়ন এবং প্রকল্পেরমান ও কার্যকারিতা উন্নয়ন ও ফলাফল অর্জনে ইউএনডিপি-সরকারি যৌথ উদ্যোগে সহায়তা প্রদান।

প্রকল্পের আওতায় বাস্তবায়নধীন প্রধান প্রধান কার্যক্রমসমূহ:

- প্রকল্পপ্রণয়ন ও বাস্তবায়নে ইউএনডিপি-এর সঙ্গে সরকারের সম্পৃক্ততা সংক্রান্ত নিয়ম-কানুন/ম্যানুয়্যাল পর্যালোচনা ও প্রয়োজনে সহজীকরণ;
- অর্থনৈতিক সম্পর্ক বিভাগে প্রকল্প ও গুরুত্ব পূর্ণ দলিলের তথ্য ভান্ডার (repository) স্থাপন;
- দক্ষিণ-দক্ষিণ ও ত্রিপক্ষীয় সহযোগিতা জোরদারকরণ;
- বিশিষ্টব্যক্তি ও বিশেষজ্ঞদের সঙ্গে জ্ঞানভিত্তিক পার্টনারশিপ প্রতিষ্ঠা করা;
- সম্পদ সংগ্রহের জন্য সহযোগিতা জোরদার করণ;
- জাতীয় উন্নয়নে অনিবাসী বাংলাদেশীদের (Non-resident Bangladeshi - NRB) সম্পৃক্তকরা;
- জাতীয় মানব-উন্নয়ন প্রতিবেদন প্রণয়নে সহায়তা প্রদান; প্রভৃতি।